

SAMPLE QUESTION PAPER

BENGALI

CLASS-XII

নমুনা প্রশ্ন বিষয়ে জ্ঞাতব্য বিষয় :

- ❖ প্রশ্নের মান অনুসারে বিভাগ করা হবে।
- ❖ প্রশ্নপত্রকে ৪ (চার)টি বিভাগে বিভক্ত করা হবে
- ❖ সমগ্র পাঠ্যসূচি থেকে প্রশ্ন থাকবে।

বিভাগ-ক

এক একটি পূর্ণাঙ্গ বাক্যে প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে : [১x২১=২১]

কবিতা থেকে ৫টি প্রশ্ন

গদ্য থেকে ৫টি প্রশ্ন

ছোটগল্প থেকে ৪টি প্রশ্ন

বাংলা সাহিত্যের ইতিহাস থেকে ৭টি প্রশ্ন

মোট ২১টি প্রশ্ন

- ❖ বিভাগ-ক-এর কোনো বিকল্প প্রশ্ন থাকবে না।

বিভাগ-খ

প্রদত্ত প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিতে হবে (৬০ থেকে ৮০ শব্দের মধ্যে) : [৩x৯=২৭]

কবিতা থেকে ৩টি প্রশ্ন

গদ্য থেকে ৩টি প্রশ্ন

ধ্বনিতত্ত্ব থেকে ৩টি প্রশ্ন

মোট ৯টি প্রশ্ন

- ❖ বিভাগ-খ-এর প্রশ্নের কোনো বিভাজন থাকবে না এবং কোনো বিকল্প প্রশ্ন থাকবে না।

বিভাগ-গ

প্রদত্ত পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে (১২০ থেকে ১৫০ শব্দের মধ্যে) : [৬x৫=৩০]

কবিতা থেকে ১টি প্রশ্ন

গদ্য থেকে ১টি প্রশ্ন

ছোটগল্প থেকে ১টি প্রশ্ন

বাংলা সাহিত্যের ইতিহাস থেকে ১টি প্রশ্ন

ছন্দ থেকে ১টি প্রশ্ন

মোট ৫টি প্রশ্ন

- ❖ বিভাগ-গ-এর প্রত্যেকটি প্রশ্নের একটি বিকল্প প্রশ্ন থাকবে এবং প্রয়োজনে প্রশ্নের বিভাজনও থাকতে পারে।

বিভাগ-ঘ

প্রদত্ত কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করতে হবে (৪৫০ থেকে ৫০০ শব্দের মধ্যে) : [১২x১=১২]

❖ এই বিভাগে ৩ (তিন)টি বিষয় দেওয়া হবে।

BENGALI

CLASS-XII

Time-3 Hours 15 mintes

Full Marks-90

বিভাগ-ক

এক একটি পূর্ণাঙ্গ বাক্যে নিচের প্রতিটি প্রশ্নের উত্তর দাও :

১x২১=২১

- ১) 'সবুজের অভিযান' কবিতায় 'সবুজ' বলতে কাদের বোঝানো হয়েছে?
- ২) 'সে-দিন সুদূর নয়-' কোন্ দিনের কথা বলা হয়েছে?
- ৩) কোন্ পুণ্য-বাসরে কালবৈশাখী আসে?
- ৪) 'যুদ্ধ কেন' কবিতায় লড়াইবাজদের কবি কী বলে অভিহিত করেছেন?
- ৫) 'আগামী' কবিতাটির উৎস গ্রন্থের নাম লেখো।
- ৬) আত্মরক্ষার জন্য কোন্ উপায়টি শ্রেষ্ঠ?
- ৭) 'কবিত্ব সাধনার সহিত তাঁহার সাধনার ঐক্য আছে।'—এখানে কার সাধনার কথা বলা হয়েছে?
- ৮) 'আজ দাও না দিদি আমাকে একটি।'—উদ্ভূতাংশে 'দিদি' কে?
- ৯) 'তুই বড়ো অপয়া!'—কাকে অপয়া বলা হয়েছে?
- ১০) কারা নিত্যকালের রাখাল?
- ১১) শ্রীশ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড কত সালে রেজিস্ট্রিকৃত?
- ১২) ব্রহ্মচারী অ্যাড ব্রাদার-ইন-ল কোম্পানির সভাপতির নাম কী?
- ১৩) জগদল বিমলের কত বছরের নিত্য সহচর?
- ১৪) 'লোকটাও একটা যন্ত্র'—কথাটি কোথায় আলোচনা হয়?
- ১৫) ফোর্ট উইলিয়াম কলেজ কবে প্রতিষ্ঠিত হয়?
- ১৬) কোন্ বিদেশি নাটক অবলম্বনে 'ভ্রান্তিবিলাস' রচিত হয়?
- ১৭) 'মেঘনাদবধ কাব্য'-এর কয়টি সর্গ?
- ১৮) 'পদ্মিনী উপাখ্যান' কাব্যের লেখক কে?
- ১৯) ত্রিপুরার কাহিনি নিয়ে রবীন্দ্রনাথের লেখা উপন্যাসটির নাম কী?
- ২০) 'আরণ্যক' উপন্যাসটির রচয়িতার নাম কী?
- ২১) 'দেবী গর্জন' নাটকটি কার লেখা?

বিভাগ-খ

নীচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দাও (৬০ থেকে ৮০ শব্দের মধ্যে) :

৩x৯=২৭

- ২২) "যুগের ধর্ম এই"—যুগের ধর্ম উল্লেখ করো।
- ২৩) "বিজ্ঞানের তাপ নয়, আলো তুলে ধরো।"—উদ্ভূতিটির অর্থ লেখো।
- ২৪) 'আগামী' কবিতায় কবি নিজেকে 'জীবন্ত প্রাণ' বলে মনে করেন কেন?
- ২৫) "পশুগণের বাহুবলে এবং মনুষ্যের বাহুবলে একটু গুরুতর প্রভেদ আছে।"—প্রভেদের স্বরূপ আলোচনা করো।
- ২৬) 'কবিতা ও বিজ্ঞান' প্রবন্ধ অবলম্বনে কবি ও বৈজ্ঞানিকের কাজের তুলনা করো।
- ২৭) রেনেসাঁস সম্পর্কে প্রাবন্ধিক অন্নদাশঙ্কর রায়-এর অভিমত আলোচনা করো।
- ২৮) উদাহরণসহ স্বরভক্তির সংজ্ঞা দাও।
- ২৯) দৃষ্টান্তসহ স্বরসংগতির সংজ্ঞা লেখো।
- ৩০) লোকনিরুত্তি বলতে কী বোঝ তা উদাহরণসহ ব্যাখ্যা করো।

বিভাগ-গ

নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (১২০ থেকে ১৫০ শব্দের মধ্যে) :

৩১) 'সবুজের অভিযান' কবিতায় কবি নবীনদের যে জয়গান গেয়েছেন তা সংক্ষেপে বর্ণনা করো।

৬

অথবা

“এত যে ভীষণ, তবু তারে হেরি ধরায় ধরে না হর্ষ”

(ক) কাকে ভীষণ বলা হয়েছে?

(খ) কেন ভীষণ বলা হয়েছে?

(গ) 'ধরায় ধরে না হর্ষ'—বলার কারণ কী?

(১+২+৩=৬)

৩২) বাহুবলের তুলনায় বাক্যবল শ্রেষ্ঠ কেন তা লেখকের অনুকরণে বুঝিয়ে দাও।

৬

অথবা

“যাকে বলে হিউম্যানিজম,”

(ক) কোন্ রচনার অন্তর্গত?

(খ) হিউম্যানিজমের লক্ষণগুলি কী কী?

(গ) সমাজের চেয়ে মানুষ কীভাবে বড়, তা লেখকের অনুসরণে লেখো।

(১+২+৩=৬)

৩৩) শ্রী শ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড-এর প্রতিষ্ঠার উদ্দেশ্য আলোচনা করো।

৬

অথবা

“জগদলের সমাধি খনন চলছে।”

(ক) কোন্ রচনার অন্তর্গত?

(খ) জগদলের এই অবস্থার কারণ কী?

(গ) কীভাবে সমাধি খনন চলছে?

(১+২+৩=৬)

৩৪) বাংলা গীতিকাব্যে বিহারীলাল চক্রবর্তীর প্রতিভার মূল্যায়ন করো।

৬

অথবা

বাংলা উপন্যাসে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।

(৬)

৩৫) উদাহরণসহ অক্ষরবৃত্ত বা মিশ্রকলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো।

৬

অথবা

ছন্দোলিপি করো :

(৬)

হে মোর চিত্ত পুণ্যতীরে জাগোরে ধীরে

এই ভারতের মহামানবের সাগর তীরে।

বিভাগ-ঘ

৩৬) নিম্নলিখিত একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো (৪৫০ থেকে ৫০০ শব্দের মধ্যে) :

১২

(ক) ত্রিপুরার পর্যটন শিল্পের সম্ভাবনা

(খ) তোমার প্রিয় কবি

(গ) 'দাও ফিরে সে অরণ্য, লও এ নগর'